

বড়াইগ্রাম ও গুরুদাসপুরে ৪৩টি মাদ্রাসার শিক্ষার্থীরা বই পায়নি

■ বড়াইগ্রাম (নাটোর) সংবাদদাতা

নাটোরের বড়াইগ্রাম ও গুরুদাসপুর উপজেলার ৪৩টি দাখিল মাদ্রাসার শিক্ষার্থীরা এখনও নতুন বছরের বই হাতে পায়নি। কবে নূর্গাদি পাওয়া যাবে তাও কেউ বলতে পারছেন না। এদিকে বই দিতে না পারায় নতুন শিক্ষার্থী ভর্তি করতে পারছেন না, উপরন্তু আগের ছাত্র-ছাত্রীরাও হাইস্কুলে চলে যাচ্ছে বলে অভিযোগ করেছেন শিক্ষকরা।

উপজেলা শিক্ষা বিভাগ সূত্রে জানা যায়, বড়াইগ্রাম উপজেলায় ২২টি ও গুরুদাসপুর উপজেলায় ২১টি দাখিল (মাধ্যমিক) মাদ্রাসা রয়েছে। ইতিমধ্যেই হাইস্কুল পর্যায়ের বই বিতরণ শেষ হয়ে গেলেও কোন কোন মাদ্রাসায় শুধু ৭ম শ্রেণি ছাড়া আর কোন শ্রেণির বই দেয়া হয়নি। এতে মাদ্রাসাগুলোতে পাঠদান শুরু করা যাচ্ছে না। এ ব্যাপারে গুরুদাসপুরের আলীপুর দাখিল মাদ্রাসার সুপার মাওলানা আশরাফুল ইসলাম বলেন, আমাদের পার্শ্ববর্তী হাইস্কুলগুলোতে সব বই বিতরণ এবং ক্লাস শুরু হয়ে গেছে। কিন্তু আজ পর্যন্ত আমরা ৭ম শ্রেণি ছাড়া আর কোন বই পাইনি। গুরুদাসপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সাইদুর রহমান বলেন, হরতাল-অবরোধের কারণে মাদ্রাসার বইয়ের সরবরাহ নেই। তাই আমরা বই দিতে পারছি না। বড়াইগ্রাম উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল ইসলাম বলেন, যোগাযোগ সমস্যার জন্য এখনও বই আসেনি। বই পাওয়া মাত্র বিতরণ করা হবে।